দৈনিক
ইনকিলাব

10

তারিখ ... 18 DEC 1996
পৃষ্ঠা ~ ১ কলাম ১

# ছাত্রলীগ কর্মীদের কারমাইকেল কলেজের ৩টি হল দখল

ছাত্রলীগের সশস্ত্র কর্মীরা গতকাল কারমাইকেল কলেজের ৩টি হল দখল করে নিয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল সাড়ে ১০টা নাগাদ বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে ছাত্রলীগ কারমাইকেল বিশ্ববিদ্যালয়

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## কারমাইকেল কলেজ

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাসে প্রবেশ করে। তারা বোমা বিস্ফোরণ এবং মুহুর্মুহু গুলী করে ক্যাম্পাসে নারকীয় পরিবেশ সৃষ্টি করে। তারা হলসমূহের সাথে প্রিন্সিপাল অফিসের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেয়। সন্ত্রাসীরা হলে প্রবেশ করেই শিবির কর্মীদের রুমগুলো জ্বালিয়ে দেয়। এরা হলে অবস্থানরত শিবির কর্মীদের মারধর করে। এতে ৮ জন শিবির কর্মী মারাত্মকভাবে আহত হয়।

এ সময় কর্তব্যরত পুলিশরা সন্ত্রাসীদের সহযোগীতে পরিণত হয়। তারা হলগুলোকে ঘেরাও করে রেখে সন্ত্রাসীদের নির্বিঘ্নে তাদের কাজ চালাতে দেয়। উল্টো পুলিশ ৯ জন শিবির কর্মীকে গ্রেফতার করে বলে শিবিরের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়।

গত দুই দিন যাবত রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে পুলিশের সহযোগিতায় ছাত্রলীগের সন্ত্রাসীদের ব্যাপক সন্ত্রাস সৃষ্টি, হোস্টেলের কক্ষ দখল এবং অগ্নিসংযোগের ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে রংপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওলানা মমতাজ উদ্দিন এবং সেক্রেটারী শাহ মুহাম্মদ নূর হোসাইন গতকাল যুক্ত বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে তারা ছাত্রলীগ কর্মীদের অবিলম্বে গ্রেফতার, ক্ষতিগ্রস্ত ছাত্রদের উপযুক্ত ক্ষতিপূরণদান এবং ৭ জন ইসলামী ছাত্র শিবির কর্মীকে অবিলম্বে মুক্তিদানের দাবী জানান। প্রেস বিজ্ঞপ্তি।